

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট ১-শাখা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০.০০.১৩৯.০২১.০২৫.২০২১(অংশ-১)-৩২২

তারিখঃ ০৮-০৪-২০২৪খ্রিঃ

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিএজিভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ ইন্টার্ন চিকিৎসকদের মাসিক ইন্টার্ন ভাতা ৫,০০০/- টাকা বৃদ্ধি করে ২০,০০০/- টাকায় উন্নীতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ অর্থ বিভাগের স্মারক নং- ০৭.১০৪.০২০.২৭০১.১১৩.২০২৪-৬৩২, তারিখ: ০৮/০৪/২০২৪ খ্রি.

উপরি-উক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে ১২৭০১০১-১১১০৫১২-স্বাস্থ্য সেবা বিভাগ-সচিবালয় অংশে-৩৯১১১১১-সাধারণ খোক বরাদ্দ খাতে বরাদ্দকৃত ৯৬,২১,০১,০০০/- টাকার অব্যয়িত অর্থ হতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর সংখ্যা বিবেচনায় সর্বশেষ ইন্টার্ন চিকিৎসকের সংখ্যা ৪৭০০ জন মাসিক ভাতা ৫,০০০/- টাকা বৃদ্ধি করে ২০,০০০/-টাকায় উন্নীতকরণের ফলে অতিরিক্ত ৩১,৮০,০০,০০০/- (একত্রিশ কোটি আশি লক্ষ) টাকা ১২৭০২০১১১০৫১৪-প্রধান কার্যালয়, স্বাস্থ্য অধিদপ্তরের অনুকূলে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে বরাদ্দ প্রদান করা হলো।

শর্তাবলীঃ

- (১) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদঘাটিত হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (৩) এ অর্থ ইন্টার্ন চিকিৎসকদের ভাতা পরিশোধ ব্যতীত অন্য কোন কাজে ব্যয় করা যাবে না;
- (৪) এ অর্থ চলতি ২০২৩-২০২৪ অর্থবছরের সংশোধিত বাজেটে সংশ্লিষ্ট খাতে প্রতিফলন করতে হবে;
- (৫) এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক সরকারি আদেশ (জি.ও) জারি করে ০৪ (চার) কপি পৃষ্ঠাংকনের জন্য অর্থ বিভাগে প্রেরণ করতে হবে;
- (৬) প্রাপ্যতা নিশ্চিত হয়ে ভাতা পরিশোধ করতে হবে; এবং
- (৭) ০১/০৪/২০২৪ খ্রিঃ তারিখ থেকে এ বর্ধিত হার কার্যকর হবে এবং এ তারিখের পূর্বের বকেয়া ভাতা ইতোপূর্বে নির্ধারিত হারে প্রাপ্য হবেন।

স্বঃ

(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

স্মারক নং-৪৫.০০.০০.০০.১৩৯.০২১.০২৫.২০২১(অংশ-১)- ৩২২

তারিখঃ ০৮-০৪-২০২৪খ্রিঃ

মঞ্জুরিপত্রের ২ প্রস্থ অনুলিপি অর্থ বিভাগে (বাজেট-৪ অধিশাখা) প্রেরণ করা হলো। ১ কপি পৃষ্ঠাংকনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বঃ

(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব

স্মারক- ০৭.১০৪.০২০.২৭০১.১১৩.২০২৪ -


তারিখঃ .../.../২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকার নিকট প্রেরণ করা হলো।

উপসচিব (বাজেট-৪)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা [দৃ:আ: পরিচালক (অর্থ)]।
- ২। পরিচালক/ অধ্যক্ষ (সকল), মেডিকেল কলেজ ও হাসপাতাল /মেডিকেল কলেজ/বিশেষায়িত স্নাতকোত্তর ইনস্টিটিউট ও হাসপাতাল।
- ৩। যুগ্মসচিব, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। যুগ্মসচিব, বাজেট-২, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। তত্ত্বাবধায়ক/ সিভিল-সার্জন/ জেলা/ জেনারেল হাসপাতাল (সকল).....।
- ৮। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/ জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। অতিরিক্ত সচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। যুগ্মসচিব (বাজেট) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


০৬/০৪/২৪
(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব